

কালিকা ... 2.6 MAR 1997

পঃ ২৩ পাতা

দৈনিক ইন্ডিয়ার

তালোবার উদ্যোগে সেমিনার কুদরত-ই-খুদা শিক্ষা কং রিপোর্ট বাস্তবায়ন না করার আহবান

গতকাল বাংলাদেশ জমিয়তে তালেবায়ে
আরাবিয়ার উদ্যোগে ঢাকা জাতীয় প্রেসক্লাব
মিলনায়তনে 'ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা
কমিশন রিপোর্ট ও মদ্রাসা শিক্ষার ভবিষ্যৎ'
শীর্ষক এ সেমিনার জমিয়াতুল মৌদারেছিন
বাংলাদেশ-এর সিনিয়র সহসভাপতি
মালোন আবদুস সালাম-এর সভাপতিত্বে
অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে গুরুত্বপূর্ণ
বজ্রব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ, দারুল
ইহসান বিশ্ববিদ্যালয়-এর ডাইস চ্যাম্পেলের
আলহাজ ডঃ সৈয়দ আলী আশ্রাফ, প্রবন্ধ
উপস্থাপন করেন বিশিষ্ট লেখক ও গবেষক
মাওঃ ইশ্যা শাহেসী।

স্থাগত ভাষণ প্রদান করেন সংগঠনের
কেন্দ্রীয় সভাপতি মোঃ মাকসুদ উল্লাহ
আমিনী।

সেমিনারে উপস্থাপিত প্রবন্ধের উপর
আলোচনা করেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ
জনাব হাফেজ হাবিবুর রহমান, অধ্যাপক
মাওঃ আবুল কাছেম মোঃ ছিস্টাতুল্লাহ,
প্রিসিপাল মাওঃ মুঃ শামসুল হক, মাওঃ এ,
কে, এম মাইশুবুর রহমান, বিশিষ্ট
সাংবাদিক জনাব অনিসুজ্জামান হারুন ও
মাওঃ আবুবকর ছিদ্দিক প্রমুখ।

প্রধান অতিথি তাঁর ভাষণে উপস্থাপিত
প্রবন্ধের সাথে সম্পূর্ণ একমত পোষণ করে
বলেন, আজ থেকে ২৩ বছর পূর্বে ডঃ
কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্টটি
উপস্থাপিত হয় একটি হীন ঘড়্যজ্ঞানকপ।
যার মাধ্যমে সমাজতন্ত্রের মানসপূর্ত তৈরীর
নীলনকশা আঁকা হয়। এ রিপোর্ট গণধীকৃত
যুসলিম উম্মাহর ইমান, আকিদা ও চিন্তা
বিরোধী।

প্রবন্ধকার তার বিশাল প্রবন্ধে ডঃ কুদরত-
ই-খুদা শিঃ কঃ রিপোর্ট-এর বিভিন্ন উক্তি
তুলে ধরে বলেন, তার এই রিপোর্ট দীনী
শিক্ষার একমাত্র বাহন। মদ্রাসা শিক্ষাকে
সমূলে ধ্রংস করার একটি ঘড়্যজ্ঞান।

বর্তমান সরকারের এই রিপোর্ট বাস্তবায়নের
পদক্ষেপ গোটা জাতিকে হতবাক করেছে।
বক্তাগণ এই গণবিরোধী রিপোর্ট
বাস্তবায়নের পদক্ষেপ বন্ধ করে দেশের
প্রথ্যাত আলেমে, দীন ও ইসলামী
চিন্তাবিদদের নিয়ে মদ্রাসা শিক্ষার একটি
পূর্ণাঙ্গ ঝুপরেখা তৈরীর আহবান জানান।

বক্তাগণ এ রিপোর্ট বাস্তবায়ন না করার
জন্য জোর দাবী জানান এবং মদ্রাসা ছাত্র,
শিক্ষক ও সর্বস্তরের জনগণকে-এর বিরুদ্ধে
প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান।

সেমিনার শেষে ১১ দফাসম্পত্তি একটি
প্রস্তাব পাস করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।